অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এই হ্যালোউইনে মাতাল হয়ে গাড়ি চালানোর উপরে স্টেট পুলিশ (STATE POLICE) এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার কঠোর ব্যবস্থার কথা ঘোষণা করেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে হ্যালোউইন জুড়ে মাতাল হয়ে গাড়ি চালানো এবং অপ্রাপ্তবয়স্ক মদ্যপানের উপরে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা কঠোর ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে টহল বৃদ্ধি করবে। আইন প্রয়োগের এই বিশেষ অভিযান, 25 অক্টোবর শুক্রবার থেকে, 1 নভেম্বর শুক্রবার 2019 অবধি চলবে।

"এই বর্ধিত আইন প্রয়োগের অভিযান মাধ্যমে, আমাদের লক্ষ্য হল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি মজাদার এবং নিরাপদ হ্যালোইন উপভোগ নিশ্চিত করা", **গভর্নর কুওমো বলেন।** "মাতাল হয়ে গাড়ি চালানোর প্রতি আমাদের সহনশীলতা শূন্য, এবং আপনার হ্যালোউইন উদযাপনে যদি মদ যুক্ত থাকে তাহলে মাতাল নয় এমন একজনের সাথে নিরাপদে বাড়িতে ফেরার জন্য আগেভাগেই পরিকল্পনা করে নিন। যারা ঝুঁকি নিবে ও মাতাল অবস্থায় গাড়ি চালাবে তাদের ধরা হবে এবং আইনের পরিপূর্ণ মাত্রায় শাস্তি প্রদান করা হবে।"

সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "এই সপ্তাহ থেকে হ্যালোউইন পর্যন্ত ট্রুপাররা অত্যন্ত দৃশ্যমান হবে এবং মাতাল ও বেপরোয়া চালকদের খুজতে থাকবে। আমাদের বার্তা সহজ: কখনও মদ্যপান করে গাড়ি চালাবেন না। যারা আমাদের সড়কপথের নিরাপত্তাকে হুমকির সম্মুখীন করছে এবং ভ্রমণকারীদের জীবন বিপন্ন করছে ট্রুপাররা তাদের টিকিট দিতে এবং গ্রেফতার করতে বাইরে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles) এর কমিশনার এবং গভর্নরের যানবাহন নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) সভাপতি মার্ক জে.এফ, স্কোয়েডার বলেছেন, "হ্যালোউইন হবার কথা একটি মজার সময় অথচ চালকেরা মাতাল অবস্থায় চালকের আসনে বসার বেহুশ সিদ্ধান্ত নিলে দ্রুত এটি বেদনাদায়ক হয়েছে উঠতে পারে। আমি সকল নিউ ইয়র্কবাসীকে দায়িত্বের সাথে উদযাপন করতে অনুরোধ করছি, অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন এবং পথচারীদের দিকে নজর রাখুন।"

এই সময়ের মধ্যে মোটর সাইকেল চালকরা কিছু সোব্রায়টি চেকপয়েন্ট এবং অতিরিক্ত সংখ্যক মাতাল অবস্থায় চালনা-র টহল আশা করতে পারেন। আইন প্রয়োগকারী বাহিনী এছাড়াও সেসব মোটর চালকদের দিকে নজর রাখবেন যারা গাড়ি চালানোর সময় তাদের ফোন ও অন্যান্য

ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করবেন। চালকদের "এছাড়াও" রাস্তার পাশে থেমে থাকা জরুরি ও আপতকালীন যানবাহনকে জায়গা ছেড়ে দেওয়ার কথাও মনে রাখতে হবে। আন্ডারএজ ড্রিংকার এনফোর্সমেন্ট ডিটেইস-এর মাধ্যমে স্টেট পুলিশ স্টেট জুড়ে অপ্রাপ্তবয়স্কদের কাছে অবৈধ অ্যালকোহল বিক্রির দিকেও নজর রাখবে।

আইন লঙ্ঘনকারী গাড়ির চালকদের আরো সহজে চিহ্নিত করার জন্য এই জরুরি ব্যবস্থার অংশ হিসাবে ট্রুপাররা চিহ্নিত রাজ্য পুলিশের যান এবং গোপন পরিচয়ধারী ট্রাফিক বলবতকারী (Concealed Identity Traffic Enforcement, CITE) যান, উভয়ই ব্যবহার করবেন। গোপন পরিচয়ধারী ট্রাফিক বলবতকারী যানগুলি ট্রুপারদের গাড়ি চালানো সংক্রান্ত আইন লঙ্ঘনগুলোকে ভালোভাবে পর্যবেক্ষণ করার সুযোগ দেয়। এই যানগুলো দৈনন্দিন ট্র্যাফিকের সাথে মিশে যায় কিন্তু জরুরী আলো সক্রিয় হওয়ার পরে জরুরি যানবাহন হিসাবে এগুলোকে চিনতে ভুল হয় না।

উচ্চ সংখ্যক শিশু বা পরিবার ট্রিক অর ট্রিট (Trick or Treat)-এ বাইরে থাকায় হ্যালোউইনের বিশেষভাগে বিপজ্জনক হতে পারে। জাতীয় মহাসড়ক ট্রাফিক নিরাপত্তা প্রশাসন (National Highway Traffic Safety Administration, NHTSA) জানিয়েছে যে 2013 থেকে 2017 সাল পর্যন্ত হ্যালোউইনের রাতে মাতাল হয়ে গাড়ি চালানো সংক্রান্ত দুর্ঘটনায় দেশব্যাপী 158 জন নিহত হয়েছে। জাতীয় মহাসড়ক ট্রাফিক নিরাপত্তা প্রশাসন (NHTSA) এর মতে,হ্যালোউইনের রাতে মোটর গাড়ি দুর্ঘটনার 42 শতাংশই মাতাল হয়ে গাড়ি চালানোর সাথে জড়িত।

গত বছরের উদ্যোগে, স্টেট পুলিশ মোট 1,774টি মোটর গাড়ি দুর্ঘটনার তদন্ত করেছে, যেখানে 251 জন আহত এবং তিনটি প্রাণহানির ঘটনা ঘটেছে। এছাড়াও ট্রুপাররা মাতাল অবস্থায় চালনাr জন্য 266 জনকে গ্রেপ্তার করে এবং দ্রুতগতি, অন্যমনস্ক গাড়ি চালনা এবং অন্যান্য ট্র্যাফিক লঙ্ঘন সহ সকল লঙ্ঘনের জন্য মোট 16,690 টি টিকিট জারি করে।

হ্যালোউইনের মাতাল হয়ে গাড়ি চালানোয় আইন প্রয়োগের উদ্যোগটি গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি কর্তৃক অর্থায়নকৃত। গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি (GTSC) এবং নিউ ইয়র্ক স্টেটের STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) মোটর চালকদের মনে করিয়ে দেয় যে তাদের "একটি পরিকল্পনা করুন (Have a Plan)" মোবাইল অ্যাপটি, অ্যাপল, অ্যানড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য পাওয়া যায়। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের একটি ট্যাক্সি বা রাইডশেয়ার পরিষেবা ডাকতে এবং একটি মনোনীত চালকের তালিকা সক্রিয় করার সুযোগ দেয়। এছাড়াও এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কে তথ্য প্রদান করে এবং একটি সন্দেহভাজন দুর্ঘটনাপ্রবণ চালক সম্পর্কে রিপোর্ট করার একটি উপায় প্রদান করে।

আপনি যদি মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালান, আপনি শুধু আপনার ও অন্যদের জীবনকে ঝুঁকিতে ফেলছেন তা না, আপনি গ্রেফতার, কারাভোগ এবং যথেষ্ট পরিমাণ জরিমানা ও উকিলের খরচের সম্মুখীন হতেও পারেন। মদ্যপানরত অবস্থায় গাড়ি চালানোর ফলে গ্রেফতারে গড়ে 10,000 মার্কিন ডলার মতো খরচ হয়। মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় গ্রেফতারকৃত চালকগণ তাদের ড্রাইভিং

লাইসেন্স হারানো, উচ্চ বীমা হার এবং উকিলের খরচ, জরিমানা ও আদালতি খরচ, গাড়ি টানা ও মেরামত এবং কর্মঘন্টা হারানো সহ ডজনখানেক অপ্রত্যাশিত ব্যয়ের সম্মুখীন হয়।

মাতাল হয়ে গাড়ি চালানো রোধে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), GTSC ও NHTSA নিম্নের সহজ পরামর্শগুলো মেনে চলার সুপারিশ করে:

- মজা শুরু করার আগেই বাড়ি ফেরার নিরাপদ উপায়ের পরিকল্পনা করুন;
- পান শুরু করার আগে, পান করবে না এমন একজন গাড়িচালক নির্ধারণ করুন;
- আপনি যদি মাতাল হন, তাহলে ট্যাক্সি বা রাইডশেয়ারিং পরিষেবা ব্যবহার করুন, আপনার মাতাল নয় এমন বন্ধু বা পরিবারের সদস্যকে ফোন করুন, বা গণপরিবহন ব্যবহার করুন;
- আপনার কমিউনিটির মাতাল-নয়-এমন রাইড প্রোগ্রাম ব্যবহার করুন;
- আপনি যদি রাস্তায় কোনো মাতাল বা দুর্ঘটনাপ্রবণ গাড়িচালক দেখেন, তাহলে দ্বিধাহীনভাবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করুন;
- আপনি যদি এমন কাউকে চেনেন যিনি মাতাল অবস্থায় গাড়ি চালাতে যাচ্ছেন, তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং অন্য কোনো ব্যবস্থায় যাতে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে তার জন্য তাদের সাহায্য করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন